

প্রাথমিকে আরও শিক্ষক নিয়োগের সুখবর দিলেন প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

১৪ ফেব্রুয়ারি ২০২৩ ০১:২৭ পিএম | আপডেট: ১৪ ফেব্রুয়ারি
২০২৩ ০১:২৭ পিএম

1
Shares



ছবি: সংগৃহীত

advertisement

প্রাথমিক বিদ্যালয়ে আরও সাত হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। আজ মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

প্রাথমিক শিক্ষার উদ্যোগ ও অর্জন নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা সচিব ফরিদ আহাম্মদ উপস্থিত ছিলেন।

advertisement

জাকির হোসেন বলেন, গত মাসে প্রাথমিক বিদ্যালয়ে ৩৭ হাজার শিক্ষক দেওয়া হয়েছে। আরও সাত হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে। এরই মধ্যে ছাড়পত্র দেওয়া হয়েছে। দুই থেকে তিন মাসের মধ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগ শেষ হবে।

advertisement 4

প্রাথমিক ও গণশিক্ষা সচিব ফরিদ আহাম্মদ বলেন, ‘চলতি মাসের ২৫ থেকে ২৮ তারিখের মধ্যেই প্রাথমিক বৃত্তির ফল ঘোষণা করা হবে। বৃত্তির ফল প্রকাশের প্রয়োজনীয় কাজ চলছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের আন্তঃজেলা, আন্তঃবিভাগ ও আন্তঃসিটি করপোরেশনের মধ্যে বদলির কাজ চলতি মাসে শুরু হচ্ছে। এ জন্য সফটওয়্যারের কিছু কাজ করতে হবে। শিগগিরই আমরা তা শুরু করে দিচ্ছি।’

তিনি আরও বলেন, ‘আমরা এরই মধ্যে উপজেলার মধ্যে বদলি শুরু করেছি। প্রথম পর্যায়ে মাত্র ৭ দিনের মধ্যে ২৫ হাজার শিক্ষকের বদলি সফলভাবে সম্পন্ন হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় ধাপের কার্যক্রমের পরিকল্পনা বাস্তবায়নের পথে।